# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি) লিমিটেড

এবং

সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ – জুন ৩০, ২০১৯

# সূচিপত্র

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা

## ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি) লিমিটেড এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of Electricity Generation Company of Bangladesh Limited)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ (২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-১৮ অদ্যাবধি) :**

১. সিদ্ধিরগঞ্জ স্কুল ভবনের ছাদে সৌর বিদ্যুৎ কেন্দ্র স্থাপনঃ

সিদ্ধিরগঞ্জে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের স্কুল ভবনের ছাদে পাইলট প্রকল্প হিসেবে এডিবি'র অর্থায়নে ৩৬ কিঃওঃ পিক ক্ষমতার সৌর বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা হয়েছে। ২৭ ডিসেম্বর, ২০১৫ তারিখ হতে উক্ত সৌর বিদ্যুৎ কেন্দ্র থেকে উৎপাদিত বিদ্যুতের মাধ্যমে স্কুল ভবনের বিদ্যুতের চাহিদা পূরণ করা হচ্ছে।

২. সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পঃ

বাংলাদেশ সরকার, বিশ্ব ব্যাংক এবং ইজিসিবি লিঃ এর নিজস্ব অর্থায়নে নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জে ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের লক্ষ্যে গত ২৮ মে ২০১২ তারিখে Joint Venture of Isolux Ingenieria S.A., Spain এবং Samsung C&T Corporation, Korea এর সাথে ইজিসিবি লিঃ এর ইপিসি চুক্তি স্বাক্ষরিত হয় এবং চুক্তিটি ২৭ সেপ্টেম্বর ২০১২ হতে কার্যকর হয়। চুক্তি অনুযায়ী প্রকল্পটির নির্মাণ কাজ শুরু হয় এবং গত ২৬শে নভেম্বর, ২০১৬ তারিখে উক্ত প্রকল্পের ২১৭ মেঃওঃ ক্ষমতাসম্পন্ন গ্যাস টারবাইন ইউনিটটি জাতীয় গ্রীডের সাথে প্রথমবারের মত Synchronize করা হয় এবং ২২ শে ডিসেম্বর, ২০১৬ তারিখে গ্যাস টারবাইন ইউনিটটি base load এ চালানো হয়। কিন্তু, আর্থিক সংকটের কারণে প্রকল্পের প্রধান ঠিকাদারী প্রতিষ্ঠান গত ২৩ শে ডিসেম্বর, ২০১৬ হতে প্রকল্পের সকল কাজ বন্ধ করে দেয়। এ প্রেক্ষিতে Isolux Ingenieria S.A., Spain এর Performance Guarantee বাজেয়াপ্ত করা হয় এবং ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখে পৃথক একটি "Supplemental Agreement" স্বাক্ষরের মাধ্যমে প্রকল্পের ঠিকাদার প্রতিষ্ঠান হিসেবে Isolux Ingenieria S.A., Spain কে বাতিল করা হয়। এমতাবস্থায়, পূর্বের স্বাক্ষরিত ইপিসি চুক্তির ধারাবাহিকতায় প্রকল্পের অপর ঠিকাদারী প্রতিষ্ঠানSamsung C&T Corporation, Korea এর সাথে "EPC Contract Amendment Agreement" স্বাক্ষরের মাধ্যমে প্রকল্পের অসমাপ্ত কাজ সম্পন্ন করার লক্ষ্যে সকল দায়িত্ব এবং বাধ্যবাধকতাসহ Samsung C&T Corporation, Korea কে একক ঠিকাদার হিসেবে নিয়োগ প্রদান করা হয়। Samsung C&T Corporation, Korea চুক্তি অনুযায়ী Performance Guarantee দাখিল করে এবং প্রকল্পের অবশিষ্ট কাজ সম্পন্ন করার লক্ষ্যে কার্যক্রম শুরু করে। প্রকল্পের গ্যাস টারবাইন ইউনিটের Performance Test এবং Reliability Run Test সম্পন্ন করতঃ উক্ত গ্যাস টারবাইন ইউনিটের Commercial Operation ০১ জুন ২০১৮ হতে শুরু হয়েছে।

৩. ERP এবং EAM বাস্তবায়নের জন্য চুক্তি স্বাক্ষরঃ

তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে প্রাতিষ্ঠানিক দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির নিমিত্ত সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে ইজিসিবি লিঃ এর বিদ্যুৎ কেন্দ্র এবং প্রশাসনিক দপ্তর সমূহে Enterprise Resource Planning (ERP) এবং Enterprise Asset Management (EAM) বাস্তবায়নের জন্য গত ১৮ই অক্টোবর, ২০১৬ তারিখে ইজিসিবি লিঃ এর সাথে Joint Venture of (১) FPT Information System Corporation, Vietnam, (২) FPT Slovakia, Slovakia, (৩) Flora Limited, Bangladesh এর চুক্তি স্বাক্ষর হয় এবং চুক্তিটি ২৭ মার্চ ২০১৭ তারিখ হতে কার্যকর হয়। । চুক্তি অনুযায়ী ERP এবং EAM প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হয়েছে এবং সংশ্লিষ্ট মডিউলসমূহের বিজনেস ব্লুপ্রিন্ট ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। বর্তমানে উক্ত মডিউলসমূহের User Acceptance Test (UAT) চলছে। এছাড়া, উক্ত প্রকল্পের হার্ডওয়্যারসমূহ এই বছরের এপ্রিল মাসের শেষ নাগাদ বাংলাদেশে এসে পৌঁছাবে। ইজিসিবি লিঃ এর নিজস্ব ভবনে ডাটা সেন্টার নির্মাণ কাজ চলছে। বিশ্ব ব্যাংকের অর্থায়নে প্রকল্পটির বাস্তবায়ন চুক্তি কার্যকর হওয়ার ১৮ মাস সময়সীমার মধ্যে সম্পন্ন হবে বলে আশা করা যায়।

৪. ISO ৯০০১:২০০৮ সনদ অর্জন এবং IMS বাস্তবায়নঃ

ইজিসিবি লিঃ ২০১৬ সালের ২১ সেপ্টেম্বর তারিখে বুরো ভেরিটাস সার্টিফিকেশন হোল্ডিং SAS- যুক্তরাজ্য শাখা থেকে ISO ৯০০১:২০০৮ সনদ অর্জন করেছে। এছাড়া, Integrated Management System (ISO 9001, ISO 14001& BS OHSAS 18001/ ISO 45001) বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে পরামর্শক নিয়োগ করা হয়েছে। আগামী ২০১৮-১৯ অর্থবছরে Integrated Management System (IMS) বাস্তবায়ন সম্পন্ন হবে বলে আশা করা যায়।

৫. তিন (০৩) টি বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের জন্য ভূমি অধিগ্রহণের ডিপিপি অনুমোদনঃ

(ক) কক্সবাজার জেলার পেকুয়া উপজেলায় ২×৬০০ মেঃওঃ আল্ট্রা সুপার ক্রিটিক্যাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের লক্ষ্যে ভূমি অধিগ্রহণ, পুনর্বাসন, ই.আই.এ. এবং সম্ভাব্যতা যাচাই প্রকল্পের ডিপিপি গত ০৮/০৩/২০১৬ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। ভূমি অধিগ্রহণের নিমিত্ত কক্সবাজার জেলার জেলা প্রশাসকের দপ্তর থেকে প্রাপ্ত প্রাক্কলনের সমপরিমাণ অর্থ ২২/০৬/২০১৭ তারিখে জেলা প্রশাসকের কোষাগারে জমা করা হয়েছে। এলাকাবাসীর চাহিদার প্রেক্ষিতে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটি কর্তৃক জমির অতিরিক্ত মূল্য নির্ধারণ ও ক্ষতিগ্রস্ত মালিকদের অতিরিক্ত ক্ষতিপূরণ প্রদানের বিষয়ে চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রতিবেদনের সুপারিশের প্রেক্ষিতে অতিরিক্ত ক্ষতিপূরণসহ পুনর্বাসন বিষয়ে ইজিসিবি লিঃ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া, Detailed Feasibility Study (FS), Environmental Impact Assessment (EIA), Social Impact Assessment (SIA), Disaster Impact Assessment (DIA) সম্পন্নের নিমিত্ত নির্বাচিত পরামর্শক প্রতিষ্ঠানের সাথে ০৭/০৩/২০১৮ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়।

(খ) ফেনী জেলার সোনাগাজী উপজেলায় ১৭২ মেঃওঃ সৌর ও ১০ মেঃওঃ বায়ুচালিত বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে ভূমি অধিগ্রহণ প্রকল্পের ৯৯৯.৬৫ একর ভূমি অধিগ্রহণ করা হয়েছে। ১৯/১০/২০১৭ তারিখে অধিগ্রহণকৃত ভূমির গেজেট বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ভূমির সীমানা প্রাচীর চিহ্নিতকরণ সমাপ্ত হয়েছে।

(গ) মুন্সীগঞ্জ জেলায় ৩০০-৪০০ মেঃওঃ সুপার ক্রিটিক্যাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন প্রকল্পের ডিপিপি গত ২৩/০৮/২০১৬ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্প বাস্তবায়নে ৩০০ একর ভূমি অধিগ্রহণের সংশোধিত প্রস্তাব ২৩/০৩/২০১৭ তারিখে জেলা প্রশাসকের দপ্তর, মুন্সীগঞ্জ-এ প্রেরণ করা হয়েছে। ১২/০৬/২০১৭ তারিখে জেলা ভূমি বরাদ্দ কমিটির সভা অনুষ্ঠিত হয় এবং সভায় প্রাথমিকভাবে ইজিসিবি লিঃ এর পক্ষে ভূমি বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়। ভূমি অধিগ্রহণের লক্ষ্যে ইতোমধ্যে যৌথ তদন্ত কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ৪ ধারা নোটিশ জারী করা হয়েছে।

৬. কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নের জন্য MoU স্বাক্ষরঃ

গত ১৭ই নভেম্বর, ২০১৬ তারিখে Mitsui & Co. Ltd., Japan এবং ইজিসিবি লিঃ এর মধ্যে কক্সবাজার জেলার পেকুয়া উপজেলায় ১৩০০ মেঃওঃ বা তদুর্ধ্ব আল্ট্রা সুপার ক্রিটিক্যাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নের জন্য Memorandum of Understanding (MoU) স্বাক্ষরিত হয়। প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে Mitsui & Co. Ltd., Japan এবং ইজিসিবি লিঃ এর মধ্যে Joint Venture কোম্পানী গঠনের কাজ চলমান রয়েছে।

৭. ক্রয় নীতিমালা ২০১৫ অনুমোদনঃ

ইজিসিবি লিঃ এর ক্রয় নীতিমালা ২০১৫ গত ২৮ অক্টোবর, ২০১৫ তারিখে ১০/২০১৫ তম বোর্ড সভায় অনুমোদিত হয়।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

ইজিসিবি লিঃ এর আওতাধীন সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট, হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এবং নির্মাণাধীন সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের মুল জ্বালানী প্রাকৃতিক গ্যাস। দেশে গ্যাস স্বল্পতার কারণে বিদ্যুৎ কেন্দ্রসমূহে প্রয়োজনীয় গ্যাস সরবরাহ করতে না পারায় প্রায়শঃ বিদ্যুৎ কেন্দ্রসমূহকে পূর্ণমাত্রায় (Full Load) চালানো সম্ভব হয় না। গ্যাসের উপর নির্ভরশীলতা কমানো এবং জ্বালানী বহুমুখীকরণের লক্ষ্যে ইজিসিবি লিঃ কর্তৃক কক্সবাজার জেলায় পেকুয়ায় ২×৬০০ মেঃওঃ আল্ট্রা সুপার ক্রিটিক্যাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র, মুন্সীগঞ্জে ৩০০-৪০০ মেঃওঃ সুপার ক্রিটিক্যাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র এবং ফেনী জেলায় ১৭২ মেঃওঃ সৌর ও ১০ মেঃওঃ বায়ুচালিত বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রসমূহ পরিচালনার জন্য কয়লা আমদানী ও পরিবহণ একটি বড় চ্যালেঞ্জ।

- **ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

সরকারের রূপকল্প অনুযায়ী ২০২১ সালের মধ্যে ২৪,০০০ মেঃওঃ এবং ২০৩০ সালের মধ্যে ৪০,০০০ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ইজিসিবি লিঃ জ্বালানী বহুমূখীকরণের মাধ্যমে কয়েকটি বৃহৎ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প গ্রহণ করেছেঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | সম্ভাব্য চালুর সময় (অর্থ বছর) |
|---|---|---|
| ১. | হরিপুর ১০০ মেঃওঃ লিকুইড ফুয়েল ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প, হরিপুর, বন্দর, নারায়ণগঞ্জ। | ২০১৮-১৯ |
| ২. | ৫০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প, সোনাগাজী, ফেনী। | ২০১৯-২০ |
| ৩. | ১২২ মেঃওঃ সৌর এবং ১০ মেঃওঃ বায়ুচালিত বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প, সোনাগাজী, ফেনী। | ২০২২-২৩ |
| ৪. | ২×৬৫০ মেঃওঃ আল্ট্রা সুপার ক্রিটিক্যাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প (১ম পর্যায়), পেকুয়া, কক্সবাজার। | ২০২৩-২৪ |
| ৫. | মুন্সীগঞ্জ ৩০০-৪০০ মেঃওঃ সুপার ক্রিটিক্যাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প, মুন্সীগঞ্জ। | ২০২৪-২৫ |
| ৬. | ২×৪৫০ মেঃওঃ ডুয়েল ফুয়েল কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প, নোয়াখালী এবং ফেনী। | ২০২৬-২৭ |
| ৭. | মুন্সীগঞ্জ ৪৫০ মেঃওঃ এলএনজি ভিত্তিক ডুয়েল ফুয়েল কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প, মুন্সীগঞ্জ। | ২০২৭-২৮ |
| ৮. | ২×৬৫০ মেঃওঃ আল্ট্রা সুপার ক্রিটিক্যাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প (২য় পর্যায়), পেকুয়া, কক্সবাজার। | ২০২৮-২৯ |
| ৯. | ২×৪৫০ মেঃওঃ এলএনজি ভিত্তিক ডুয়েল ফুয়েল কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প, পেকুয়া, কক্সবাজার। | ২০২৯-৩০ |

- **২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান লক্ষ্যমাত্রাসমূহঃ**

  - দক্ষ জনবল প্রতিষ্ঠার লক্ষ্যে জনপ্রতি বার্ষিক ৭০ ঘণ্টা প্রশিক্ষণ প্রদান।
  - কক্সবাজার জেলার পেকুয়া উপজেলায় ২×৬০০ মেঃওঃ আল্ট্রা সুপার ক্রিটিক্যাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের লক্ষ্যে কক্সবাজার জেলার জেলা প্রশাসকের দপ্তর কর্তৃক ইজিসিবি লিঃ এর নিকট ১৫৬০ একর ভূমি হস্তান্তর প্রক্রিয়া সম্পন্নকরণ এবং উক্ত প্রকল্পের Feasibility Study (FS), EIA, SIA, DIA কার্যাদি সম্পাদন।
  - ফেনী জেলার সোনাগাজী উপজেলায় ৫০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের কাজ শুরু করা।
  - মুন্সীগঞ্জ জেলায় ৩০০-৪০০ মেঃওঃ সুপার ক্রিটিক্যাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের লক্ষ্যে মুন্সীগঞ্জ জেলার জেলা প্রশাসকের দপ্তর কর্তৃক ইজিসিবি লিঃ এর নিকট ৩০০ একর ভূমি হস্তান্তর প্রক্রিয়া সম্পন্নকরণ।

# উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি) লিমিটেড এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি) লিমিটেড

এবং

সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## সেকশন ১

# ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি) লিমিটেড এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

### ১.১ রূপকল্প (Vision) :

জাতীয় উন্নয়নে মানসম্মত বিদ্যুৎ উৎপাদন।

### ১.২ অভিলক্ষ্য (Mission) :

ভোক্তাদের সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে পরিবেশবান্ধব, দক্ষ, সাশ্রয়ী, নির্ভরযোগ্য এবং বাণিজ্যিক উপায়ে বিদ্যুৎ উৎপাদন করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১) বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থার উন্নয়ন।

২) প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি (আর্থিক)।

৩) প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি।

### ১.৪ কার্যাবলি (Functions):

১) বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বৃদ্ধি।

২) বিদ্যুৎ কেন্দ্রের দক্ষতা (Efficiency) বৃদ্ধি।

৩) প্রাতিষ্ঠানিক আর্থিক দক্ষতা বৃদ্ধি।

৪) প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি (প্রকল্প বাস্তবায়ন সহ)।

৫) ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা আনয়ন।

## সেকশন ২

## ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি) লিমিটেড এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসমূহ (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ (মার্চ/১৮ পর্যন্ত) | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১) বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি | নতুন ক্ষমতা সংযোজন | মেঃওঃ | ০ | ০ | ০ | ১১৫ | ৫০ | প্রকল্প পরিচালকের দপ্তর, ৫০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প, ফেনী এবং প্রকল্প পরিচালকের দপ্তর, সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ। | ইজিসিবি লিঃ এর বার্ষিক প্রতিবেদন, বিদ্যুৎ কেন্দ্রসমূহের এমওডি, পাওয়ার সেল এর নিকট প্রেরিত কেপিআই অগ্রগতির প্রতিবেদন। |
| ২) বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থার গুণগত মান উন্নয়ন | Plant Factor | % | ৭১.৭৪ | ৭৪.৩৬ | ৭০ | ৭০ | ৭০ | প্রধান প্রকৌশলীর দপ্তর, সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট, প্রধান প্রকৌশলীর দপ্তর, হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র, প্রকল্প পরিচালক/প্রধান প্রকৌশলীর দপ্তর, সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প/বিদ্যুৎ কেন্দ্র, প্রকল্প পরিচালকের দপ্তর, ৫০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প, ফেনী, প্রকল্প পরিচালকের দপ্তর, কক্সবাজার জেলার পেকুয়ায় ২×৬০০ মেঃ ওঃ আল্ট্রা সুপার ক্রিটিক্যাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের লক্ষ্যে ভূমি অধিগ্রহন, পুনর্বাসন, ইআইএ এবং সম্ভাব্যতা যাচাই প্রকল্প, প্রকল্প পরিচালকের দপ্তর, মুন্সীগঞ্জ জেলায় ৩০০-৪০০ মেঃ ওঃ সুপার ক্রিটিক্যাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে ভূমি অধিগ্রহন ও পুনর্বাসন প্রকল্প, উপ-মহাব্যবস্থাপক (অর্থ/হিসাব) এবং নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট), কর্পোরেট অফিস। | |
| | Availability Factor | % | ৯৭.০৩ | ৯৩.১৪ | ৯০ | ৯০ | ৯০ | | |
| | Auxiliary Consumption | Eqv. Month | ৩.৬৯৩ | ৩.৬৮ | ৪.০ | ৪.০ | ৪.০ | | |
| | Heat Rate (Net) | কিঃজুল/কিঃওঃ ঘণ্টা | ৭,৮৯৯.০৪ | ৭,৯৬৪.৫০ | ৮১০০ | ৮৫০০ | ৮৫০০ | | |
| | Percentage of Tender re-tender | % | ০.৫১ | ০ | ৩.০০ | ৩.০০ | ৩.০০ | | |
| | Current Ratio | Ratio | ১.৩৫:১ | ১.১৭:১ | ১.৬:১ | ১:১ | ১:১ | | |
| | Quick Ratio | Ratio | ১.৩২:১ | ১.১৪:১ | ১.২:১ | ০.৮:১ | ০.৮:১ | | |
| | Debt Service Coverage Ratio (DSCR) | Ratio | ১.৩০:১ | ১.৪৯:১ | ১.৩:১ | ১.৩:১ | ১.৩:১ | | |
| | DSL Payment to the Government | Tk (in crore) | ২৫৮.১৮ | ১৪৯.৪৯ | Current dues plus 10% of arear | Current dues plus 10% of arear | Current dues plus 10% of arear | | |
| | Implementation of Annual Development Program (Financial) | % | ৭৮.৩৪ | ৫.২৪ | ১০০ | ১০০ | ১০০ | | |

# সেকশন-৩:

## EGCB : APA Target for the Year 2018-19

| Strategic Objectives | Functions | Performance Indicator | Unit | Weight | 2016-17 | | 2017-18 | | 2018-19 | | | | | 2019-20 | 2020-21 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | Target | Achievement | Target | Achievement | 100% | 90% | 80% | 70% | 60% | 100% | 100% |
| 1. Development of Power Generation | 1.1 Addition of Generation capacity | 1.1.1 New Capacity Addition | MW | - | 200 | - | 100 | 218(S.C) | - | - | - | - | - | 115 | 50 |
| | 1.2 Improvement of Power Plants efficiency | 1.2.1 Plant Factor | % | 12 | 71 | 71.74 | 70 | 74.36 | 70 | 69 | 68 | 67 | 66 | 70 | 70 |
| | | 1.2.2 Availability Factor | % | 12 | 90 | 97.03 | 90 | 93.14 | 90 | 88 | 86 | 84 | 82 | 90 | 90 |
| | | 1.2.3 Auxiliary Consumption | % | 10 | 3.7 | 3.693 | 4 | 3.68 | 4 | 3.85 | 4 | 4.25 | 4.5 | 4 | 4 |
| | | 1.2.4 Heat Rate (Net) | KJ/KWh | 10 | 10500 | 7899.04 | 10500 | 7964.5 | 8100 | 8400 | 8700 | 9000 | 9500 | 8500 | 8500 |
| 2. Development of Institutional Efficiency (Financial) | 2.1 Improvement of Institutional Efficiency (Financial) | 2.1.1 Percentage of Tenders Re-tendered | % | 3 | 3 | 0.51 | 2 | Nil | 3 | 3.2 | 3.4 | 3.6 | 3.8 | 3 | 3 |
| | | 2.1.2 Current Ratio | Ratio | 3 | 1.5:1 | 1.23:1 | 1.6:1 | 1.17:1 | 1.6:1 | 1.58:1 | 1.56:1 | 1.54:1 | 1.52:1 | 1:1 | 1:1 |
| | | 2.1.3 Quick Ratio | Ratio | 3 | 1:1 | 1.21:1 | 1.2:1 | 1.14:1 | 1.2:1 | 1.15:1 | 1.10:1 | 1.05.:1 | 1.00:1 | 0.8:1 | 0.8:1 |
| | | 2.1.4 Debt Service Coverage Ratio (DSCR) | Ratio | 4 | 1.2:1 | 1.28:1 | 1.3:1 | 1.49:1 | 1.3:1 | 1.8:1 | 1.26:1 | 1.24:1 | 1.22:1 | 1.3:1 | 1.3:1 |
| | | 2.1.5 DSL Payment to the Government | Crore Taka | 6 | Current+10% of Arrear | 258.18 out of 181.91 | Current+10 % of Arrear | 63.35 | Current+10 % of Arrear | Current+8 % of Arrear | Current+6 % of Arrear | Current+4% of Arrear | Current+2% of Arrear | Current+10% of Arrear | Current+10% of Arrear |
| 3. Improvement of Institutional Capacity | 3. 1 Enhancement of Institutional Capacity | 3.1.2 Implementation of ADP (Financial) (Own Financing, ECA & Others) | % | 7 | 100 | 78.34 | 100 | 5.24 | 100 | 90 | 80 | 70 | 60 | 100 | 100 |
| | 3.2 Ensure transparency in Procurement. | 3.1.3 E-GP tendering (all local below 100 crore)which is applicable | % | 5 | N.I | | 100 | 100 | 100 | 90 | 80 | 70 | 60 | 100 | 100 |
| | | | | 75 | | | | | | | | | | | |

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯
## (মোট নম্বর- ২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | মাঠ পর্যায়ের কার্যালয়ের সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন, ২০১৮ | ২১ জুন, ২০১৮ | ২৪ জুন, ২০১৮ | - | - |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২২ জানুয়ারি, ২০১৯ | ২৩ জানুয়ারি, ২০১৯ |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) মন্ত্রণালয়/বিভাগে | ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ | ০৪ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘণ্টা * | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত ** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত *** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা | ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানুয়ারি, ২০১৯ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ | ৩১ মার্চ, ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্ত কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| | | | ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ০৮ এপ্রিল, ২০১৯ | ২২ এপ্রিল, ২০১৯ | ০২ মে, ২০১৯ | ১৬ মে, ২০১৯ | ৩০ মে, ২০১৯ |
| | | সিটিজেন্‌স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্‌স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত | তারিখ | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | সংখ্যা | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর, ২০১৮ | ৩১ অক্টোবর, ২০১৮ | ১৫ নভেম্বর, ২০১৮ | ২৯ নভেম্বর, ২০১৮ | ০৬ ডিসেম্বর, ২০১৮ |

আমি, ব্যবস্থাপনা পরিচালক, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি) লিমিটেড, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়- এর প্রতিনিধি সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়- এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়- এর প্রতিনিধি হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি) লিমিটেড- এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

| | |
|---|---|
| ........................................................ | ১৯/৬/১৮<br>.............................. |
| ব্যবস্থাপনা পরিচালক<br>ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি) লিমিটেড | তারিখ |

| | |
|---|---|
| ........................................................ | ১২/৬/১৮<br>.............................. |
| সচিব<br>বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | তারিখ |

# শব্দসংক্ষেপ
# (Acronyms)

| | |
|---|---|
| ইজিসিবি | ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি) লিমিটেড |
| এমওডি | মান্থলি অপারেশন ডাটা |
| এফ.এস. | ফিজিবিলিটি স্টাডি |
| ই.আই.এ. | এনভারনমেন্টাল ইমপ্যাক্ট এসেসমেন্ট |
| এস.আই.এ. | সোশ্যাল ইমপ্যাক্ট এসেসমেন্ট |
| ডি.আই.এ. | ডিজেস্টার ইমপ্যাক্ট এসেসমেন্ট |
| মেঃওঃ | মেগাওয়াট |
| কিঃজুল/কিঃওঃ ঘণ্টা | কিলো জুল/কিলোওয়াট ঘণ্টা |
| কেপিআই | কি পয়েন্ট ইনডিকেটর |
| এম.এম.সি.এফ.ডি. | মিলিয়ন কিউবিক ফিট পার ডে |

## সংযোজনী-২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি- এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | কেপিআই লক্ষ্যমাত্রা অর্জনের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থার গুণগত মান উন্নয়ন | কেপিআই লক্ষ্যমাত্রা অর্জন | বিদ্যুৎ বিভাগ হতে ইজিসিবি লিঃ এর জন্য নির্ধারিত কেপিআই লক্ষ্যমাত্রা অর্জনের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থার গুণগত মান উন্নয়ন | সকল বিভাগীয় প্রধান, ইজিসিবি লিঃ। | ইজিসিবি লিঃ এর বার্ষিক প্রতিবেদন, বিদ্যুৎ কেন্দ্রসমূহের এমওডি, পাওয়ার সেল এর নিকট প্রেরিত কেপিআই অগ্রগতির প্রতিবেদন। | |
| ২. | প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনবল তৈরীকরণ | প্রশিক্ষণ প্রদান | ইজিসিবি লিঃ এ দক্ষ জনবল প্রতিষ্ঠার লক্ষ্যে পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদান। | মানবসম্পদ বিভাগ, ইজিসিবি লিঃ। | | |

## সংযোজনী-৩

## কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা | প্রত্যাশাপূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড | নিরবিচ্ছিন্ন গ্যাস সরবরাহ | বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি | প্রাকৃতিক গ্যাস সরবরাহ | বিদ্যুৎ উৎপাদনের জন্য মূল জ্বালানী | ৬৪.৩২ এম.এম.সি.এফ.ডি. | হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত হবে না এবং লোডশেডিং বৃদ্ধির সম্ভাবনা। |
| | | | | | ৫৯.০০ এম.এম.সি.এফ.ডি. | সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিকিং বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত হবে না এবং লোডশেডিং বৃদ্ধির সম্ভাবনা। |
| | | | | | ৫৫.০০ এম.এম.সি.এফ.ডি. | সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত হবে না এবং লোডশেডিং বৃদ্ধির সম্ভাবনা। |